ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৫৩৫

আগরতলা, ১ নভেম্বর, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

“কমলপুর হাসপাতালে মেডিসিন বিশেষজ্ঞ দেবার দাবি,” এই শিরোনামে স্যন্দন পত্রিকায় গত ৩০ অক্টোবর, ২০২৫ প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদের পরিপ্রেক্ষিতে, কমলপুর মহকুমা স্বাস্থ্য আধিকারিক কর্তৃক প্রদত্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো যাচ্ছে যে, কুলাইস্থিত ধলাই জেলা হাসপাতাল থেকে মেডিসিন বিশেষজ্ঞ ডাঃ ভূপন রবি দাসকে কমলপুরের বিএসএম মহকুমা হাসপাতালে ৮৯ দিনের জন্য ডেপুটেশনে নিযুক্ত করা হয়েছিল। তিনি সেখানে দায়িত্ব গ্রহণের পর গত ২৮ অক্টোবর, ২০২৫ থেকে পুনরায় তাঁর ডেপুটেশনকাল আরও ৮৯ দিনের জন্য বৃদ্ধি করা হয়। বিএসএম মহকুমা হাসপাতালে তিনি শিফট অনুযায়ী নিষ্ঠার সঙ্গে নিয়মিত দায়িত্ব পালন করছেন। বর্তমানে বিএসএম মহকুমা হাসপাতালে কোনও কোয়ার্টার খালি না থাকায়, তিনি তাঁর দায়িত্ব পালনের পর মহকুমা হাসপাতালের বাইরে অবস্থান করছেন। কোয়ার্টার খালি হলেই সেখানে তাঁকে একটি কোয়ার্টার বরাদ্দ করা হবে।

******